

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ায় এসআরবির অভিযান, অনলাইন জুয়া খেলার অভিযোগে গ্রেপ্তার ৪

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: শুক্রবার, ১৮ সেপ্টেম্বর ২০২৬, ০৭:৫৪ PM



ব্রাহ্মণবাড়িয়ায় অনলাইন জুয়া খেলার অভিযোগে চারজনকে গ্রেপ্তার করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি) তথা সাবেক র‍্যাব সদস্যরা।

গত বৃহস্পতিবার রাতে পৌর এলাকার কাজী পাড়ায় অভিযান চালিয়ে তাদেরকে গ্রেপ্তার করা হয়। এ সময় তাদের কাছ থেকে তিনটি মোবাইল ফোনসেট জব্দ করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন, ব্রাহ্মণবাড়িয়া পৌর এলাকার শেরপুরের ইয়াছিন বাবু, কাজী পাড়ার শাহীন সরকার, রোমান শাহ ও নবীনগর উপজেলার রাজীব বনিক। তাদের বিরুদ্ধে মামলা দায়ের করে সদর থানা পুলিশের হাতে তুলে দেয়া হয়েছে।

শুক্রবার দুপুরে এসআরবি-৯ এর পাঠানো প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, [খন্দকার ক্ষুদ্র ব্যবসায়ী সমিতি] নামের একটি কার্যালয়ের ভিতরে বিভিন্ন অ্যাপসের মাধ্যমে অনলাইন জুয়া খেলা চলছে খবর পেয়ে অভিযান চালানো হয়। এ সময় হাতে নাতে চারজনকে আটক করা হয়।

জিজ্ঞাসাবাদে জানা যায়, তারা স্থানীয় পর্যায়ে অনলাইন জুয়ার এজেন্ট হিসেবে কমিশনের মাধ্যমে লাভবান হওয়ার উদ্দেশ্যে বিভিন্ন ব্যক্তিকে অ্যাপস ব্যবহার করে অনলাইন জুয়া খেলতে উৎসাহিত করত।

পাশাপাশি তারা বিভিন্ন ব্যক্তির কাছ থেকে জুয়ার অর্থ সংগ্রহ করে মূল এজেন্টের কাছে পাঠাতো।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মশারুফ সম্মেলন ও দেয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পাবনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিব্যোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/brahmnbariyay-esarbir-obhijan-onlain-juya-khelar-obhijge-greptar-4>